

বিষয়ঃ উপানুষ্ঠানিক শিক্ষা ব্যুরোর এপ্রিল ২০১৭ মাসের জাতীয় শুদ্ধাচার কৌশল বাস্তবায়ন বিষয়ক নৈতিকতা কমিটির সভার কার্যবিবরণী।

সভাপতি : জনাব বাসুদেব গাঙ্গুলী
মহাপরিচালক, উপানুষ্ঠানিক শিক্ষা ব্যুরো, ঢাকা।
স্থান : ব্যুরোর সম্মেলন কক্ষ।
তারিখ : ১৮ এপ্রিল ২০১৭; সময়: বিকাল ২:০০ ঘটিকা।
উপস্থিতি : পরিশিষ্ট “ক” দ্রষ্টব্য।

সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। সভাপতির অনুমতিক্রমে সহকারী পরিচালক (প্রশাসন) বিগত সভার কার্যবিবরণী পাঠ করে শুনান। কোন সংশোধনী না থাকায় গত সভার কার্যবিবরণী দৃঢ়করণ করা হয়। অতঃপর আলোচ্যসূচি অনুযায়ী আলোচনা ও সিদ্ধান্ত গ্রহণ করা হয়:

ক্র.নং	আলোচ্য বিষয়/আলোচনা	সিদ্ধান্ত	বাস্তবায়নকারী
০১.	মাসিক সভার আয়োজন এবং বাস্তবায়ন: জাতীয় শুদ্ধাচার কৌশল বাস্তবায়ন একটি গুরুত্বপূর্ণ ইস্যু। সভাপতি এ সংক্রান্ত গঠিত নৈতিকতা কমিটির সভা নিয়মিত করার ওপর গুরুত্বারোপ করেন। সহকারী পরিচালক (প্রশাসন) জানান যে জেলা প্রশাসকের নেতৃত্বে প্রতি জেলায় জেলায় অনুষ্ঠিত শুদ্ধাচার বিষয়ক নৈতিকতা কমিটির সভায় জেলা উপানুষ্ঠানিক শিক্ষা ব্যুরো'র সহকারী পরিচালকগণকে উপস্থিত থাকার জন্য বলা হয়, বর্তমানে তাঁরা উক্ত সভায় উপস্থিত থাকেন এবং সভার কার্যবিবরণী ব্যুরোতে প্রেরণ করছেন। তিনি আরো জানান যে নভেম্বর/১৬ মাসে ৮টি, ডিসেম্বর/১৬ মাসে ২টি, জানুয়ারি/১৭ মাসে ১টি এবং ফেব্রুয়ারি/১৭ মাসে ১টি জেলা থেকে কার্যবিবরণী পাওয়া গেছে। জেলা থেকে মার্চ/১৭ মাসের কোন কার্যবিবরণী এখনো পাওয়া যায়নি। সভাপতি এ বিষয়ে অনুরোধ জানিয়ে জেলা প্রশাসককে পত্র প্রেরণের প্রয়োজনীয়তা রয়েছে বলে উল্লেখ করেন। সভাপতি জেলা পর্যায় হতে প্রাপ্ত/প্রেরিত কার্যবিবরণী এবং সহকারী পরিচালকবৃন্দের সভায় উপস্থিতির তথ্য প্রতি সভায় উপস্থাপনের জন্য বলেন। বিষয়টি নিয়মিত মনিটরিং করার ওপরও পুনরায় গুরুত্বারোপ করেন।	১. সকল সহকারী পরিচালক, জেউশিব্যু, জেলায় অনুষ্ঠিত সভার কার্যবিবরণী ব্যুরোতে নিয়মিত প্রেরণ নিশ্চিত করবেন। ২. জেলা পর্যায় হতে প্রাপ্ত/প্রেরিত কার্যবিবরণী এবং সহকারী পরিচালকবৃন্দের সভায় উপস্থিতির তথ্য প্রতি সভায় উপস্থাপন করবেন। ৩. জেলা প্রশাসকদের অনুরোধ জানিয়ে পত্র প্রেরণ করবেন।	১. সহকারী পরিচালক, জেউশিব্যু (সকল জেলা)। ২-৩. সহকারী পরিচালক (প্রশাসন), উশিব্যু।
০২.	অভিযোগ প্রাপ্তি সংক্রান্ত: সভায় সহকারী পরিচালক (প্রশাসন) জানান যে, ব্যুরোতে স্থাপিত Transparent অভিযোগ বাক্সটি নিয়মিত মনিটরিং হচ্ছে। তিনি জানান যে, এযাবত ১টি অভিযোগ পাওয়া গেছে, যার ওপর কাজ চলছে। সকল জেলা অফিসে অভিযোগ বাক্স স্থাপন করা হয়েছে। সভাপতি ব্যুরোর প্রধান কার্যালয় এবং জেলা কার্যালয়ে স্থাপিত অভিযোগ বাক্সে প্রাপ্ত অভিযোগ গুরুত্ব দিয়ে বিবেচনা করতে হবে।	(ক) অভিযোগ বাক্স নিয়মিত পর্যবেক্ষণ করতে হবে। (খ) প্রাপ্ত অভিযোগ গুরুত্বসহকারে বিবেচনা করতে হবে।	সহকারী-পরিচালক (প্রশাসন), উশিব্যু/ সহকারী পরিচালক, জেউশিব্যু (সকল)।
০৩.	জেলা ও উপজেলা পর্যায়ে তদারকি সংক্রান্ত: এ বিষয়ে উপ-পরিচালক(প্রশাসন ও অর্থ) জানান যে, ব্যুরোর কর্মকর্তাদের জেলা পর্যায়ে তদারকির জন্য Tour এর জন্য প্রয়োজনীয় আর্থিক বরাদ্দ রয়েছে। প্রকল্প পরিচালক(বিএলপি) জানান যে, খুব শীঘ্রই মাঠ পর্যায়ে কার্যক্রম শুরু হতে যাচ্ছে। তিনি আরো জানান যে, বিএলপি'র কার্যক্রম চালু হলে উপজেলা পর্যায়েও	বিএলপি কার্যক্রম শুরু হওয়ার পর ব্যুরোর কর্মকর্তাদের মাঠ পর্যায়ে পরিদর্শন/মনিটরিং এর জন্য প্রশাসনিক কার্যক্রম গ্রহণ করতে হবে।	উপ-পরিচালক (প্রশাসন ও অর্থ) ও উপ-পরিচালক (মনিটরিং), উশিব্যু।

